# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৫৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. সালাতসমূহের সংরক্ষণ করা

بَاب الْمُحَافَظَةِ عَلَى الصَّلَوَاتِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الزُّبَيْرِ الْحُمَيْدِيُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ عَنْ دَرَّاجٍ أَبِي السَّمْحِ عَنْ أَبِي الْهَيْثَمِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا رَأَيْتُمْ الرَّجُلَ يَعْتَادُ الْمَسَاجِدَ فَاشْهَدُوا لَهُ بِالْإِيمَانِ فَإِنَّ اللَّهَ يَقُولُ إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّهِ

বাংলা

১২৫৫. আবী সাঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমরা যদি কোনো লোককে মসজিদে (যাতায়াতে) অভ্যস্ত দেখো, তবে তোমরা তার ঈমানের ব্যাপারে (মু’মিন বলে) সাক্ষ্য দিতে পারো। কেননা, আল্লাহ তা’আলা বলেছেন: [“নিশ্চয় আল্লাহর মসজিদ সমূহকে একমাত্র সেই ব্যক্তি আবাদ রাখে যে আল্লাহর প্রতি ঈমান এনেছে।”(সুরা তাওবা: ১৮)][1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। ইমাম আহমাদ বলেন: “আবী সাঈদ হতে আবী হাইছাম সূত্রে দাররাজ এর হাদীসসমূহে দুর্বলতা রয়েছে।” ((যদিও ইবনু খুযাইমা ও এর মুহাক্বিক্ব (ড. মুস্তফা আ’যমী) সহীহ এবং তিরমিযী হাসান বলেছেন, তবে এর যয়ীফের কথা বলেছেন, আলবানী (তিরমিযী ২৬১৭, ইবনু মাজাহ ৮০২; আরনাউত্ব (আল ইহসান ফী তাক্বরীব সহীহ ইবনু হিব্বান হা/১৭২১) এবং মুগলাতী, (শরহে ইবনু মাজাহ’তে) একে যয়ীফ বলেছেন। হাকিম ও যাহাবী সহীহ বলেছেন বলে আরনাউত্ব উল্লেখ করলেও একই সাথে তিনি শারহে জামিউস সগীর ১/৩৫৮ হতে মুনাবী’র এ বক্তব্য উল্লেখ করেছেন যে, যাহাবী ‘হাকিমের সহীহ’ বলাকে এ বলে খণ্ডণ করেছেন যে, ‘এতে দাররাজ রয়েছে। আর সে অনেক মুনকার হাদীস বর্ণনাকারী।’ বিস্তারিত দেখুন, আল ইহসান ফী তাক্বরীব সহীহ ইবনু হিব্বান হা/১৭২১ আরনাউত্বের টীকাসহ-অনুবাদক))

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৭২১ ও মাওয়ারিদুয যাম’আন নং ৩১০।

((আহমাদ ৩/৬৮, ৭৬; তিরমিযী ২৬১৭, ৩০৯৩; ইবনু মাজাহ ৮০২; বাইহাকী ৩/৬৬; হাকিম ২/৩৩২। - আল ইহসান ফী তাক্বরীব সহীহ ইবনু হিব্বান হা/১৭২১ আরনাউত্বের টীকাসহ-অনুবাদক))

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81538

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন